# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জেলার খবর | 26 March, 2025

গোপালগঞ্জের কাশিয়ানীতে ‘মাটির খেলনা’ দেওয়ার প্রলোভন দেখিয়ে বাগানে নিয়ে ৬ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে প্রতিবেশী যুবকের বিরুদ্ধে।

গত বৃহস্পতিবার (২০ মার্চ) বিকালে উপজেলার ওড়াকান্দি ইউনিয়নের তিলছড়া গ্রামে এ ঘটনা ঘটে।অভিযুক্ত যুবকের নাম আকাশ মোল্যা (১৮)।তিনি একই গ্রামের তারু মোল্যার ছেলে।

এদিকে এই ঘটনায় ভুক্তভোগী শিশুর পরিবারকে মামলা না করার জন্য নানা রকম ভয়ভীতি দেখায় স্থানীয় প্রভাবশালীরা এবং নানা উপায়ে ঘটনাটি ধামাচাপা দেওয়ারও চেষ্টা করেন তারা।তবে ঘটনার ৫দিন পর গতকাল মঙ্গলবার শিশুর বাবা শরিফুল মোল্যা বাদী হয়ে কাশিয়ানী থানায় মামলা করেছেন।

মামলা সূত্রে জানা গেছে, গত ২০ মার্চ বিকেলে শিশুটিকে বাড়িতে রেখে তার মা বাড়ির পাশের ক্ষেতে গিয়েছিল।এ সময় প্রতিবেশী যুবক আকাশ মোল্যা মাটির খেলনা দেওয়ার কথা বলে পাশের একটি বাগানে ডেকে নিয়ে জোরপূর্বক ধর্ষণ করে।ক্ষেত থেকে শিশুর মা বাড়িতে এসে দেখে তার মেয়ে পেট ধরে কান্নাকাটি করছে।জিজ্ঞাসা করলে শিশু জানায়, প্রতিবেশী আকাশ তাকে মাটির খেলনা দেওয়ার কথা বলে বাগানে নিয়ে জোরপূর্বক ধর্ষণ করেছে।

বিষয়টি জানাজানি হলে স্থানীয় প্রভাবশালীরা শিশুর পরিবারকে মামলা না করতে চাপ দেন এবং ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন।পরে মঙ্গলবার শিশুর বাবা বাদী হয়ে কাশিয়ানী থানায় একটি মামলা করেন।

মামলার বিষয়টি নিশ্চিত করে কাশিয়ানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিউদ্দিন খান বলেন, ‘মঙ্গলবার শিশুর বাবা বাদী হয়ে মামলা করেছেন।আসামি গ্রেফতারের চেষ্টা চলছে।’

গোপালগঞ্জ ধর্ষণ যুবক প্রতিবেশী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:41

URL: https://timestodaybd.com/countrywide/33775807